

সরিষা (হলুদ)

জাত :- বি টি ৯, ঝুমকা, পায়নিয়ার-৪৪৫০১, ৪৫৫৪২(হাইব্রিড)

বীজ বোনার সময় :- আশ্বিন - কার্তিক মাস ।

বীজের পরিমাণ :- ৮০০ কেজি প্রতি কানি ।

বীজ শোধন :- হাল্কা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেব্র এবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

জমি তৈরী :- দুই তিন বার ভাল ভাবে চাষ দিয়ে মিহি করে জমি তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার - ৮০০ কেজি,

ইউরিয়া - ২১ কেজি,

সুপার ফসফেট - ৪০ কেজি,

পটাশ - ১০ কেজি

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন ।

বীজ বপনের দূরত্ব :- সারি থেকে সারি ৫০ সে.মি, এবং বীজ থেকে বীজের দূরত্ব ৭.৫ সে.মিঃ বজায় রাখুন।

অন্তর্বর্তী পরিচর্যা :- বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন । সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ৭.৫ সে.মি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন । বর্ষায় জমিতে জল না জমার জন্য নিকাশের ব্যবস্থা আগে থেকেই করুন ।

জলসেচ ব্যবস্থা :- ফুল আসার সময় জমিতে তস না থাকলে একবার হাল্কাভাবে সেচ দেবার ব্যবস্থা করুন।

সময় কাল :- ১০০ - ১১০ দিনের ফসল ।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ১৫০ - ২০০ কেজি ।